

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।
www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৭৩৩৬.০০০.১৩.০০২.১৯.৭৮

তারিখ: ০২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রত্যাশীদের অনলাইনে আবেদন আহ্বান সংক্রান্ত।
সূত্রঃ ৪১.০১.০০০০.০০০.১৮.০০১.২১.৫৮ তারিখঃ ০১/০৮/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কার্যক্রমের আওতায় ভাতা প্রত্যাশী ও ভাতা প্রাপ্তির যোগ্য সকল ব্যক্তির নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, বয়স্ক ভাতাভোগীদের ক্ষেত্রে ভোটার আইডি কার্ড অনুযায়ী ৩১ আগস্ট ২০২১ তারিখে বয়স পুরুষ ৬৫+ ও মহিলা ৬২+ বছর হতে হবে। আবেদন আবশ্যিকভাবে অনলাইনে করতে হবে।

বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা প্রাপ্তির যোগ্য আবেদনকারীকে আবশ্যিকভাবে <http://mis.bhata.gov.bd/onlineApplication> ওয়েবসাইটে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক আবেদন দাখিল করতে হবে। আগ্রহী ব্যক্তিগণ নিজে অনলাইনে পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার বা অন্য যেকোন স্থান থেকে আগামী ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। নীতিমালা অনুযায়ী অনলাইনে আবেদন ব্যতীত কোন ভাতাভোগী নির্বাচন করা হবেনা।

এমতাবস্থায়, আপনার পৌরসভা/ইউনিয়নে ব্যাপক প্রচারের মাধ্যমে আগ্রহী ভাতাপ্রাপ্তির যোগ্য ব্যক্তিকে আবেদন করানোর বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণা চালানো ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

- ১। মেয়র, জলঢাকা পৌরসভা
জলঢাকা, নীলফামারী।
- ২। চেয়ারম্যান..... (সকল)
ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী।
(সমগ্র পৌরসভা/ইউনিয়নে মাইকিং করে তার ভিডিওসহ
প্রতিবেদন প্রদানের অনুরোধ করা হলো)


২৭.০৬.২০
(মোঃ মাহবুব হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।
ফোন: ০৫৫২-৬৪৪০০৪
Email: unojaldhaka@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-০৩।
- ২। জেলা প্রশাসক, নীলফামারী।
- ৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
- ৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ৬। সহকারি প্রোগ্রামার, জলঢাকা, নীলফামারী। (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধ করা হলো)
- ৭। ইউপি সচিব.....(সকল), ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী (সমগ্র ইউনিয়নে মাইকিং করে রেকডিং/ভিডিও সহ
প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। তথ্যসেবা কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী। (উন্মুক্ত বৃথ স্থাপন করে আবেদন করানোর অনুরোধ করা হলো)
- ৯। উদ্যোক্তা.....পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার, জলঢাকা, নীলফামারী। (নিবন্ধন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য
বলা হলো)।
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত এলাকাবাসি, আসসালামুআলাইকুম।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষের উপহার হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ১৫০ টি উপজেলায় শতভাগে উন্নীত করনের ঘোষণা দিয়েছেন। অত্র জলঢাকা উপজেলা ২০২১-২২ অর্থ বছরে শতভাগ ভাতার আওতাভুক্ত।

আগ্রহী বয়স্ক ও বিধবা ব্যক্তিগনকে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে। বয়স্কভাতার ক্ষেত্রে পুরুষ ভাতা প্রত্যাশীর বয়স নূন্যতম ৬৫ বছর এবং মহিলা বয়স্কভাতা প্রত্যাশীর বয়স ৬২ বছর হতে হবে। বিধবা ভাতার ক্ষেত্রে ভাতা প্রত্যাশীর বয়স নূন্যতম ৩০ বছর হতে হবে। বিধবা ভাতার আবেদনের জন্য স্বামীর অনলাইন মৃত্যু সনদ লাগবে।

পৌরসভা অথবা ইউনিয়ন ডিজিটাল সেন্টার, যে কোন অনলাইন সেবাদানকারী প্রতিষ্ঠানের কিংবা নিজ নিজ স্মার্ট ফোনের মাধ্যমে আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ৩১ আগস্ট ২০২১। মনে রাখবেন আবেদনের শেষ তারিখঃ ৩১ শে আগস্ট ২০২১। উক্ত সময়ের পর আর কোন আবেদন গ্রহন করা হবে না।

প্রচারে ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী।

সার্বিক ব্যবস্থাপনায় উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়, জলঢাকা, নীলফামারী।

ধন্যবাদ।